22/3/2003

# দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...



গতকাল ওসমানী স্মৃতি মিলনায়তনে চেক গ্রহণ করিতে আগত অবসরপ্রাপ্ত বেসরকারী শিক্ষক-কর্মচারীবৃন্দ -ইত্তেফাক

## শিক্ষক কর্মচারীদের চেক প্রদান শুরু

**ইত্তেফাক রিপোর্ট** ॥ গতকাল রবিবার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের চেক প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলিয়াছেন, ছাত্র-ছাত্রীদের সহিত শিক্ষা কর্মকাণ্ডের সম্পৃক্ততা বৃদ্ধি না পাইলে শিক্ষা ক্ষেত্রে কাঙ্ক্ষিত অগ্রগতি হইবে না। বর্তমান সরকার শিক্ষা ক্ষেত্রে ব্যাপক কর্মসূচী গ্রহণ করিয়াছে। শিক্ষক, অভিভাবক ও ছাত্র-ছাত্রীর সম্মিলিত প্রচেষ্টায় এই কর্মসূচী সফল করিয়া তুলিতে হইবে। কল্যাণ ট্রাস্টের সভাপতি শিক্ষা

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

### চেক প্রদান শুরু

(শেষ পৃষ্ঠার পর)

সচিব ডঃ সাদ'ত হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে ট্রাস্টী বোর্ডের ভাইস চেয়ারম্যান ডঃ আয়েশা খাতুন, সচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বক্তৃতা করেন। অনুষ্ঠানে ৬৯ জন মৃত ও অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীর প্রাপ্য অর্থের চেক প্রদান করা হয়।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, নানা অভিযোগ ও আবদারের পরও কল্যাণ ট্রাস্ট চালু হইয়াছে। শিক্ষক-কর্মচারীদের স্বার্থেই ইহাকে আরও গতিশীল করিতে হইবে। শিক্ষা সচিব ডঃ সাদ'ত হুসাইন বলেন, ছাত্র, শিক্ষক, অভিভাবক ও জনগণের সম্মিলিত প্রচেষ্টায় এইবার বোর্ডের পরীক্ষায় নকল প্রতিরোধের ক্ষেত্রে সাফল্য আসিয়াছে। এই প্রচেষ্টা অব্যাহত থাকিলে নকলবাজদের দৌরাত্ম্য আর থাকিবে না।

উল্লেখ্য, ১ হাজার ৮৪৫ জন মৃত ও অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীর নামে চেক প্রদানের ঘোষণা দেওয়া হইলেও গতকাল ৩০৬ জনকে অনুষ্ঠানে আসার জন্য আমন্ত্রণ জানান হইয়াছিল। কিন্তু মাত্র ৬৯ জন শিক্ষক-কর্মচারী ও তাহাদের প্রতিনিধি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ট্রাস্টের সচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমদ বলেন, এখন হইতে শুক্র, শনি সাপ্তাহিক ছুটির দিন বাদে সপ্তাহে প্রতিদিন বিকাল ৩টা-৫টা শিক্ষা ভবনস্থ ট্রাস্টের অস্থায়ী কার্যালয়ে চেক বিতরণ করা হইবে।